

প্রেস রিলিজ

তারিখ : ২৯ এপ্রিল, ২০২৪

বাউবিতে আগামী দিনের উদ্যোক্তার ক্ষমতায়নের উপর সেমিনার ও সমঝোতা চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল এবং বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশন এর যৌথ উদ্যোগে "আগামী দিনের উদ্যোক্তার ক্ষমতায়ন: অনলাইন উদ্যোক্তার জয়জয়কার" শীর্ষক এক সেমিনার ২৯ এপ্রিল ২০২৪ সোমবার গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সেমিনারে বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশনের জেনারেল সেক্রেটারি এবং শাহজালাল ইসলামী ব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোঃ আজহারুজ্জামান সরকার মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি তার বক্তব্যে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের কারণে ব্যবসায়িক মডেল পরিবর্তন হচ্ছে বলে মন্তব্য করেন। এই পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর জন্য বাংলাদেশে ডিজিটাল লিটারেসি, সাইবার সিকিউরিটি এবং যথাযথ আইনি কাঠামো প্রণয়নের ওপর গুরুত্ব আরোপ করেন।




সেমিনারে বক্তব্য রাখছেন মোঃ আজহারুজ্জামান সরকার

সেমিনারে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিশ্ববিদ্যালয়ের দেশব্যাপী নেটওয়ার্ক ও প্রযুক্তি ব্যবহার করে উদ্যোক্তার উন্নয়নের ওপর একাডেমিক প্রোগ্রাম চালুর কথা বলেন। তিনি আরো বলেন, উদ্যোক্তার উন্নয়নমূলক একাডেমিক প্রোগ্রামগুলো নতুন কর্মসংস্থান তৈরি, জিডিপি বৃদ্ধি এবং বর্তমান সরকারের স্মার্ট-বাংলাদেশ কর্মসূচিতে সহায়ক ভূমিকা পালন করবে। সেমিনারে ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সার্বিনা ইয়াসমিন বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশন এর সাথে বিশেষ প্ল্যাটফর্ম ব্যবহার করে উদ্যোক্তার উন্নয়নমূলক প্রোগ্রাম চালু করার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সেমিনারে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক নাসিম বানু, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোস্তফা কামাল আজাদ, রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, ডিনবৃন্দ, পরিচালকগণ এবং শিক্ষক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সকলেই ওপেন স্কুল থেকে ই-লার্নিং এর মাধ্যমে উদ্যোক্তার উন্নয়নমূলক প্রোগ্রাম চালু করার উদ্যোগের জন্য প্রশংসা করেন। সেমিনার সঞ্চালনা করেন ওপেন স্কুলের শিক্ষক ড. মোঃ মিজানুর রহমান।



সেমিনারের পরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশন এর মধ্যে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে একাডেমিক প্রোগ্রামের উন্নয়ন, উদ্যোক্তা ও নতুন কর্মসংস্থান তৈরি, সার্টিফিকেট এবং ডিপ্লোমা প্রোগ্রাম চালুর বিষয়ে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। বাউবির পক্ষে রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম এবং অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশনের পক্ষে মোসতারি মোর্শেদ স্মৃতি আগামী পাঁচ বছরের জন্য সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময়ে বাউবির উপ-উপাচার্য, ট্রেজারার, ডিন, পরিচালক ও শিক্ষকবৃন্দ এবং অনলাইন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশনের সদস্য একুশে পদক প্রাপ্ত কঠ শিল্পী শুভ দে সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)